গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
প্রশাসন বিভাগ
খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০
www.dgfood.gov.bd

নম্বর: ১৩.০১.০০০০.০৩১.৩২.০০১.১৮.৪৪৪

তারিখ: ৪ জ্যৈষ্ঠ ১৪২৮
১৮ মে ২০২১

**অফিস আদেশ**

প্রধানমন্ত্রীর কার্যালয়ের ২৯/০৩/২০২১ তারিখের ১২৪ নং স্মারক, খাদ্য মন্ত্রণালয়ের ৩১/০৩/২০২১ তারিখের ৩১৮ নং স্মারকে করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রমণের বিদ্যমান পরিস্থিতিতে সরকার কর্তৃক জরুরি সেবায় নিয়োজিত প্রতিষ্ঠান ছাড়া সকল সরকারি-বেসরকারি অফিস/প্রতিষ্ঠান/শিল্প কারখানাসমূহ ৫০ ভাগ জনবল দ্বারা পরিচালনার নির্দেশনা প্রদান করা হয়েছিল। পরবর্তীতে মন্ত্রিপরিষদ বিভাগের ৪/৪/২০২১ তারিখের ১১১ নং স্মারকেআইন শৃঙ্খলা এবং জরুরি পরিষেবা, যেমন-ত্রাণ বিতরণ, স্বাস্থ্য সেবা, বিদ্যুৎ, পানি, গ্যাস, ফায়ার সার্ভিস, বন্দরসমূহ এবং পণ্য পরিবহণ, উৎপাদন ব্যবস্থা এবংজরুরি পরিষেবার সাথে সংশ্লিষ্ট অফিসসমূহ, তাদের কর্মচারী ও যানবাহন এ নিষেধাজ্ঞার আওতা বহির্ভূত থাকবে মর্মে নির্দেশনা প্রদান করা হয়।সর্বশেষ১৬/০৫/২০২১ তারিখের ১৫১ নং স্মারকে সরকারে রাজস্ব আদায়ের সাথে সম্পৃক্ত সকল দপ্তর/সংস্থাসমূহকে জরুরি পরিষেবা আওতাভুক্ত হবে মর্মে ঘোষণা করা হয়।

উপরোক্ত প্রেক্ষাপটে নির্ধারিত সময়সীমার মধ্যে অভ্যন্তরীণ বোরো সংগ্রহ-২০২১ ও গম সংগ্রহ-২০২১ লক্ষ্যমাত্রা অর্জন, রেল ও নৌপথে আমদানিকৃত খাদ্যশস্য জরুরি খালাস, সারাদেশে সড়ক, রেল ও নৌপথে খাদ্যশস্য পরিবহণ অব্যাহত রাখা এবং ইপি-ওপিসহ সকল ত্রাণখাতে খাদ্যশস্য বিতরণ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্নকরণের লক্ষ্যে মাঠপর্যায়ের পাশাপাশি খাদ্য অধিদপ্তর ও অধীনস্থ সকল দপ্তরসমূহে শতভাগ জনবল দ্বারা নিয়মিতভাবে পরিচালনাকরা আবশ্যক।

এক্ষণে, খাদ্য অধিদপ্তরের অভ্যন্তরীণ খাদ্যশস্য সংগ্রহ, আন্তর্জাতিক খাদ্যশস্য আমদানি ও খালাস, খাদ্যশস্য বিতরণ ও বিভিন্ন খাতে খাদ্যশস্য বিতরণ কার্যক্রমসমূহ জরুরি পরিষেবার অন্তর্ভুক্ত বিধায় জনস্বার্থে পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত করোনা ভাইরাসের বিস্তার প্রতিরোধে সরকার কর্তৃক নির্দেশিত স্বাস্থ্যবিধি অনুসরণ পূর্বক অধিদপ্তর ও মাঠপর্যায়ের দপ্তরসমূহে শতভাগ জনবল দিয়ে নিয়মিতভাবে অফিস পরিচালনার নির্দেশ প্রদান করা হলো।

১৮-৫-২০২১
শেখ মুজিবর রহমান
মহাপরিচালক

নম্বর: ১৩.০১.০০০০.০৩১.৩২.০০১.১৮.৪৪৪/১(৪০)

তারিখ: ৪ জ্যৈষ্ঠ ১৪২৮
১৮ মে ২০২১

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল:

১) সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (সদয় অবগতির জন্য)

২) অতিরিক্ত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।

৩) পরিচালক, প্রশাসন বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।

৪) পরিচালক, সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।

৫) পরিচালক, চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।

৬) পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।

৭) পরিচালক, পরিদর্শন, উন্নয়ন ও কারিগরী সেবা বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।

৮) পরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।

৯) পরিচালক, প্রশিক্ষণ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।

১০) প্রধান মিলার, পোস্তগোলা সরকারি আধুনিক ময়দা মিল, ঢাকা।

১১) আইন উপদেষ্টা, খাদ্য অধিদপ্তর, ঢাকা।

১২) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)

১৩) অতিরিক্ত পরিচালক (চলতি দায়িত্ব), এমআইএসএন্ডএম বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।

১৪) অতিরিক্ত পরিচালক, অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।

১৫) প্রধান নিয়ন্ত্রক, প্রধান নিয়ন্ত্রক, ঢাকা রেশনিং, ঢাকা।

১৬) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, ঢাকা। (তার নিয়ন্ত্রণাধীন সকল দপ্তরে আদেশটি প্রেরণ করতে অনুরোধ করা হলো)

১৭) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক (চলতি দায়িত্ব), আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, রাজশাহী। (তার নিয়ন্ত্রণাধীন সকল দপ্তরে আদেশটি প্রেরণ করতে অনুরোধ করা হলো)

১৮) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, চট্টগ্রাম। (তার নিয়ন্ত্রণাধীন সকল দপ্তরে আদেশটি প্রেরণ করতে অনুরোধ করা হলো)

১৯) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিযন্ত্রকের কার্যালয়, খুলনা। (তার নিয়ন্ত্রণাধীন সকল দপ্তরে আদেশটি প্রেরণ করতে অনুরোধ করা হলো)

২০) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশাল। (তার নিয়ন্ত্রণাধীন সকল দপ্তরে আদেশটি প্রেরণ করতে অনুরোধ করা হলো)

২১) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, রংপুর। (তার নিয়ন্ত্রণাধীন সকল দপ্তরে আদেশটি প্রেরণ করতে অনুরোধ করা হলো)

২২) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, সিলেট। (তার নিয়ন্ত্রণাধীন সকল দপ্তরে আদেশটি প্রেরণ করতে অনুরোধ করা হলো)

২৩) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ময়মনসিংহ। (তার নিয়ন্ত্রণাধীন সকল দপ্তরে আদেশটি প্রেরণ করতে অনুরোধ করা হলো)

২৪) সাইলো অধীক্ষক, নারায়ণগঞ্জ সাইলো, নারায়ণগঞ্জ।

২৫) সাইলো অধীক্ষক , চট্টগ্রাম সাইলো, চট্টগ্রাম।

২৬) সাইলো অধীক্ষক , আশুগঞ্জ সাইলো,বি-বাড়ীয়া।

২৭) সাইলো অধীক্ষক , সান্তাহার সাইলো, বগুড়া।

২৮) সাইলো অধীক্ষক , স্টীল সাইলো, খুলনা।

২৯) সাইলো অধীক্ষক , মোংলা সাইলো, বাগেরহাট।

৩০) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। (আদেশটি খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।)

৩১) উপ-পরিচালক, বেতন, পদোন্নতি ও প্রশিক্ষণ শাখা, খাদ্য অধিদপ্তর, ঢাকা।

৩২) উপ-পরিচালক, তদন্ত ও মামলা শাখা, খাদ্য অধিদপ্তর, ঢাকা।

৩৩) জেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল) , ................................

৩৪) চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক (খাদ্য), চট্টগ্রাম।

৩৫) চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক (খাদ্য), খুলনা।


৩৬) ব্যবস্থাপক (সকল), ..........................................................

৩৭) প্রশাসনিক কর্মকর্তা, প্রশাসন বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।

৩৮) অফিস কপি।

৩৯) মাস্টার কপি।

৪০) গার্ড ফাইল কপি।



১৮-৫-২০২১
মামুন আল মোর্শেদ চৌধুরী
উপপরিচালক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
মাঠ প্রশাসন সমন্বয় অধিশাখা
www.cabinet.gov.bd

নম্বর: ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০৩.২০.১৫১

তারিখ: ০২ জ্যৈষ্ঠ ১৪২৮ / ১৬ মে ২০২১

**বিষয়: করোনাভাইরাসজনিত রোগ (কোভিড-১৯)-এর বিস্তার রোধকল্পে সার্বিক কার্যাবলি/চলাচলে বিধি-নিষেধ আরোপের সময়সীমা বর্ধিতকরণ।**

সূত্র:
(১) মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০৩.২০.১২০, তারিখ: ১২.০৪.২০২১
(২) মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০৩.২০.১২৪, তারিখ: ১৩.০৪.২০২১
(৩) মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০৩.২০.১২৬, তারিখ: ২০.০৪.২০২১
(৪) মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০৩.২০.১৩৪, তারিখ: ২৮.০৪.২০২১
(৫) মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০৩.২০.১৪১, তারিখ: ০৫.০৫.২০২১

করোনাভাইরাসজনিত রোগ (কোভিড-১৯) সংক্রমণের বর্তমান পরিস্থিতি বিবেচনায় পূর্বের সকল বিধি-নিষেধ ও কার্যক্রমের ধারাবাহিকতায় সূত্রস্থ স্মারকসমূহের নির্দেশনার অনুবৃত্তিক্রমে নিম্নোক্ত শর্তাবলী সংযুক্ত করে এ বিধি-নিষেধ আরোপের সময়সীমা **আগামী ১৬ মে ২০২১ তারিখ মধ্যরাত হতে ২৩ মে ২০২১ তারিখ মধ্যরাত** পর্যন্ত বর্ধিত করা হলো-

(ক) সরকারের রাজস্ব আদায়ের সাথে সম্পৃক্ত সকল দপ্তর/সংস্থাসমূহ জরুরি পরিসেবার আওতাভুক্ত হবে; এবং
(খ) খাবারের দোকান ও হোটেল-রেস্তোরাঁসমূহ কেবল খাদ্য বিক্রয়/সরবরাহ (Takeaway/Online) করতে পারবে।

০২। এমতাবস্থায়, উল্লিখিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৬.০৫.২০২১
(মোঃ রেজাউল ইসলাম)
উপসচিব
ফোন: ৯৫৫১১০৭
ই-মেইল: faco_sec@cabinet.gov.bd

সিনিয়র সচিব/সচিব (সকল)

**অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে:**
১। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
২। পুলিশ মহাপরিদর্শক, পুলিশ অধিদপ্তর, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার (সকল)।
৪। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৫। প্রধান তথ্য কর্মকর্তা, তথ্য অধিদফতর—নির্দেশনাটি ব্যাপক প্রচারের অনুরোধসহ।
৬। জেলা প্রশাসক (সকল)।
৭। মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
৮। উপজেলা নির্বাহী অফিসার (সকল)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য মন্ত্রণালয়
অভ্যন্তরীণ প্রশাসন-১
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mofood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০০.০০০০.০১৩.১৬.০০১.২০.৩১৮

তারিখ: ১৭ চৈত্র ১৪২৭
৩১ মার্চ ২০২১

বিষয়: বর্তমান করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রমণের হাত হতে সুরক্ষার জন্য সরকার কর্তৃক গৃহীত সিদ্ধান্তসমূহ অনুসরণ প্রসঙ্গে।

সূত্র: প্রধানমন্ত্রীর কার্যালয় হতে প্রাপ্ত ২৯.০৩.২০২১ খ্রি. তারিখের ১২৪ নং পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রমণের বিদ্যমান পরিস্থিতিতে সরকার কর্তৃক গৃহিত সিদ্ধান্তসমূহ যথাযথ অনুসরণ ও বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রধানমন্ত্রীর কার্যালয় হতে প্রাপ্ত বিবেচ্য পত্রটি নির্দেশক্রমে এ সাথে প্রেরণ করা হলো।

৩১-৩-২০২১
মোহাঃ হারুন-অর-রশীদ
উপ-সচিব
ফোন: +৮৮০২৯৫৪০১৫৪
ফ্যাক্স: +৮৮০২৯৫১৫০২৪
ইমেইল: admin1@mofood.gov.bd

বিতরণ :

১) অতিরিক্ত সচিব (সকল), খাদ্য মন্ত্রণালয়
২) মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর (জেলা/উপজেল ও মাঠ পর্যায়ের সকল কর্মকর্তা/কর্মচারীদের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থাগ্রহণের অনুরোধসহ)
৩) চেয়ারম্যান, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ
৪) মহাপরিচালক, মহাপরিচালক (এফপিএমইউ), খাদ্য মন্ত্রণালয়
৫) যুগ্মসচিব (সকল), খাদ্য মন্ত্রণালয়
৬) উপ-সচিব (সকল), খাদ্য মন্ত্রণালয়
৭) সিনিয়র সহকারী সচিব/প্রোগ্রামার/সিনিয়র সহকারী প্রধান/সহকারী সচিব/সমমান পর্যায়ের কর্মকর্তাবৃন্দ
৮) খাদ্য মন্ত্রণালয়ের ২য় শ্রেণীর কর্মকর্তা (সকল)
৯) তৃতীয় শ্রেণীর সকল কর্মচারী
১০) ৪র্থ শ্রেণির কর্মচারী (সকল), খাদ্য মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# প্রধানমন্ত্রীর কার্যালয়

পুরাতন সংসদ ভবন, ঢাকা।

পত্র সংখ্যা: ০৩.০০.২৬৯০.০৮২.৪৬.০২৫.২০২১-১২৪

তারিখ: ১৫ চৈত্র ১৪২৭
২৯ মার্চ ২০২১

## প্রজ্ঞাপন

করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রমণের বিদ্যমান পরিস্থিতিতে সরকার নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গ্রহণ করেছে:

ক) সকল ধরণের জনসমাগম (সামাজিক/ রাজনৈতিক/ ধর্মীয়/ অন্যান্য) সীমিত করতে হবে। উচ্চ সংক্রমণযুক্ত এলাকায় সকল ধরনের জনসমাগম নিষিদ্ধ করা হলো। বিয়ে/ জন্মদিনসহ যে কোন সামাজিক অনুষ্ঠান উপলক্ষ্যে জনসমাগম নিরুৎসাহিত করতে হবে;

খ) মসজিদসহ সকল ধর্মীয় উপাসনালয়ে যথাযথ স্বাস্থ্যবিধি পরিপালন নিশ্চিত করতে হবে;

গ) পর্যটন/ বিনোদন কেন্দ্র/ সিনেমা হল/ থিয়েটার হলে জনসমাগম সীমিত করতে হবে এবং সকল ধরণের মেলা আয়োজন নিরুৎসাহিত করতে হবে;

ঘ) গণপরিবহনে স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে এবং ধারণ ক্ষমতার ৫০ ভাগের অধিক যাত্রী পরিবহন করা যাবে না;

ঙ) সংক্রমণের উচ্চ ঝুঁকিপূর্ণ এলাকাতে আন্তঃজেলা যান চলাচল সীমিত করতে হবে; প্রয়োজনে বন্ধ রাখতে হবে;

চ) বিদেশ হতে আগত যাত্রীদের ১৪ দিন পর্যন্ত প্রাতিষ্ঠানিক (হোটেলে নিজ খরচে) কোয়ারেন্টিন নিশ্চিত করতে হবে;

ছ) নিত্য প্রয়োজনীয় দ্রব্যসামগ্রী খোলা/ উন্মুক্ত স্থানে স্বাস্থ্যবিধি পরিপালনপূর্বক ক্রয়-বিক্রয়ের ব্যবস্থা করতে হবে। ওষুধের দোকানে যথাযথ স্বাস্থ্যবিধি মেনে চলা নিশ্চিত করতে হবে;

জ) স্বাস্থ্যসেবা প্রতিষ্ঠানসমূহে মাস্ক পরিধানসহ যথাযথ স্বাস্থ্যবিধি পরিপালন নিশ্চিত করতে হবে;

ঝ) শপিং মলে ক্রেতা-বিক্রেতা উভয়েরই যথাযথ স্বাস্থ্যবিধি মেনে চলা নিশ্চিত করতে হবে;

ঞ) সকল শিক্ষা প্রতিষ্ঠান (প্রাক-প্রাথমিক, প্রাথমিক, মাদ্রাসা, মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠান, বিশ্ববিদ্যালয়) ও কোচিং সেন্টার বন্ধ থাকবে;

ট) অপ্রয়োজনীয় ঘোরাফেরা/ আড্ডা বন্ধ করতে হবে। জরুরি প্রয়োজন ছাড়া রাত ১০ টার পর বাইরে বের হওয়া নিয়ন্ত্রণ করতে হবে;

ঠ) প্রয়োজনে বাইরে গেলে মাস্ক পরিধানসহ সকল ধরণের স্বাস্থ্যবিধি পরিপালন নিশ্চিত করতে হবে। মাস্ক পরিধান না করলে কিংবা স্বাস্থ্যবিধি লঙ্ঘিত হলে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে;

ড) করোনায় আক্রান্ত/ করোনার লক্ষণযুক্ত ব্যক্তির আইসোলেশন নিশ্চিত করতে হবে। করোনায় আক্রান্ত ব্যক্তির ঘনিষ্ঠ সংস্পর্শে আসা অন্যান্যদেরও কোয়ারেন্টিন নিশ্চিত করতে হবে;

ঢ) জরুরি সেবায় নিয়োজিত প্রতিষ্ঠান ছাড়া সকল সরকারি-বেসরকারি অফিস/ প্রতিষ্ঠান/ শিল্প কারখানাসমূহ ৫০ ভাগ জনবল দ্বারা পরিচালনা করতে হবে। গর্ভবতী/ অসুস্থ/ বয়স ৫৫-ঊর্ধ্ব কর্মকর্তা/ কর্মচারীর বাড়িতে অবস্থান করে কর্মসম্পাদনের ব্যবস্থা গ্রহণ করতে হবে;

ণ) সভা, সেমিনার, প্রশিক্ষণ, কর্মশালা যথাসম্ভব অনলাইনে আয়োজনের ব্যবস্থা করতে হবে;

ত) সশরীরে উপস্থিত হতে হয় এমন যে কোন ধরণের গণপরীক্ষার ক্ষেত্রে যথাযথ স্বাস্থ্যবিধি পরিপালন নিশ্চিত করতে হবে;

থ) হোটেল-রেস্তোরাসমূহে ধারণ ক্ষমতার ৫০ ভাগের অধিক মানুষের প্রবেশ বারিত করতে হবে;

দ) কর্মক্ষেত্রে প্রবেশ এবং অবস্থানকালীন সর্বদা বাধ্যতামূলকভাবে মাস্ক পরিধানসহ অন্যান্য স্বাস্থ্যবিধি পরিপালন নিশ্চিত করতে হবে।

সচিবের দপ্তর
খাদ্য মন্ত্রণালয়
ডায়েরী নং: ২১
তারিখ: ২৯.৩.২১

যুগ্মসচিব (প্রশাসন)-এর দপ্তর
খাদ্য মন্ত্রণালয়
নং ৫২৫
তাং ২৯/৩/২১

অতিরিক্ত সচিব (প্রশাসন)-এর দপ্তর
খাদ্য মন্ত্রণালয়
☐ উপসচিব প্রশাসন-১/তদন্ত/আইন কোষ/সেবা
☐ প্রোগ্রামার (আইসিটি)
☐ অতিঃ সচিব/যুগ্মসচিব/উপসচিব(------)
নং ৪১১
তাং ২৯/৩/২১
স্বাক্ষর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## প্রধানমন্ত্রীর কার্যালয়

পুরাতন সংসদ ভবন, ঢাকা।

পত্র সংখ্যা ............................ তারিখ ............................

০২। উপরোক্ত সিদ্ধান্তসমূহ অবিলম্বে সারাদেশে কার্যকর হবে এবং পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত আপাততঃ ০২ (দুই) সপ্তাহ পর্যন্ত বলবৎ থাকবে।

০৩। সিদ্ধান্তসমূহ বাস্তবায়নে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগ/ দপ্তর/ সংস্থা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

*স্বাক্ষরিত/-২৯-০৩-২০২১*
(ড. আহমদ কায়কাউস)
প্রধানমন্ত্রীর মুখ্য সচিব

<u>বিতরণ</u>:

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. সিনিয়র সচিব/ সচিব,............................ (সকল)- *[নিজ মন্ত্রণালয়/ বিভাগসহ আওতাধীন দপ্তর/ সংস্থা/ অফিস/ প্রতিষ্ঠান কর্তৃক উপরোক্ত নির্দেশনাসমূহ বাস্তবায়নকল্পে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]*
৩. বিভাগীয় কমিশনার,............................ (সকল)
৪. জেলা প্রশাসক,............................ (সকল)
৫. ............................................

<u>অনুলিপি</u>:

১. পুলিশ মহাপরিদর্শক, বাংলাদেশ পুলিশ, ঢাকা
২. প্রধানমন্ত্রীর প্রেস সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
৩. মহাপরিচালক, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা, ঢাকা
৪. মহাপরিচালক, বর্ডার গার্ড বাংলাদেশ, ঢাকা
৫. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালি, ঢাকা
৬. পুলিশ কমিশনার, ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা
৭. প্রধানমন্ত্রীর একান্ত সচিব-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
৮. ডিআইজি, ....................................... (সকল)
৯. পুলিশ সুপার ....................................... (সকল)